গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতখান, ভোলা।
doulatkhan.bhola.gov.bd

স্মারক নং-০৫.১০.০৯২৯.০০০.৩৪.০০৯.২৩.২১১

তারিখ: ১৫ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৩খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর (ক) ০৪.০৫.২০১৫খ্রি. তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ৮৯ আইন/২০১৫ (খ) ১২.০৭.২০১৬ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ২২৭ আইন ২০১৬ (গ) ০৩.০৭.২০১৭ খ্রি. তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং-২৩২ আইন/২০১৭, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ), আইন-২০০৯(২০০৯ সনের ৬১নং আইন) এবং স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ অনুযায়ী ভোলা জেলার দৌলতখান উপজেলাধীন নিম্ন বর্ণিত ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত ওয়ার্ড সমূহে শূণ্যপদের বিপরীতে গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) পদে যোগ্যতাসম্পন্ন পুরুষ/মহিলা সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে দৌলতখান উপজেলার স্ব স্ব ইউনিয়ন ও ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের নাম | শূণ্যপদের সংখ্যা | বেতন | শারীরিক যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ২ নং মেদুয়া | | দফাদার | ০১ | দফাদার সর্বসাকুল্য ৭,০০০/-<br>মহল্লাদার সর্বসাকুল্য ৬,৫০০/- | **পুরুষ প্রার্থীর ক্ষেত্রে**<br>১। সর্বনিম্ন উচ্চতা ৫ফুট ২ ইঞ্চি।<br>২। বুকের মাপ ৩০ ইঞ্চি। স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)<br>৩। সর্বনিম্ন ওজন ৫০ কেজি।<br>**মহিলা প্রার্থীর ক্ষেত্রে**<br>১। সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট<br>২। বুকের মাপ ২৮ ইঞ্চি। স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)<br>৩। সর্বনিম্ন ওজন ৪৫ কেজি। | **দফাদারঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হতে অনূন্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>**মহল্লাদারঃ**<br>অষ্টম শ্রেণী উর্ত্তীণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>**পদোন্নতির ক্ষেত্রেঃ** মহল্লাদার পদে অনূন্য ১০ (দশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা। |
| | | মহল্লাদার | ০০ | | | |
| ৩নং চরপাতা | ২ ও ৩ | দফাদার | ০০ | | | |
| | | মহল্লাদার | ০২ | | | |
| ৪নং উত্তর জয়নগর | ৫,৬ ও ৭ | দফাদার | ০০ | | | |
| | | মহল্লাদার | ০৩ | | | |
| ৬নং চরখলিফা | ৫ | দফাদার | ০০ | | | |
| | | মহল্লাদার | ০১ | | | |
| ৭নং সৈয়দপুর | ২ ও ৯ | দফাদার | ০১ | | | |
| | | মহল্লাদার | ০২ | | | |
| ৮নং হাজীপুর | ১,২,৩,৪ ও ৯ | দফাদার | ০০ | | | |
| | | মহল্লাদার | ০৫ | | | |
| ৯নং ভবানীপুর | ১, ৬ ও ৯ | দফাদার | ০১ | | | |
| | | মহল্লাদার | ০৩ | | | |

**শর্তাবলীসমূহঃ**

১। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা বরাবর নির্ধারিত আবেদন ফরম মোতাবেক তথ্যাদি স্বহস্তে স্বাক্ষরিত দরখাস্ত আগামী ৩০/০৪/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। আবেদনপত্রের খামের উপর পদের নাম, ওয়ার্ড এবং ইউনিয়নের নাম (যে ইউনিয়নের জন্য আবেদন করা হচ্ছে) আবশ্যিকভাবে লিখতে হবে।

২। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত ফটোকপি।

৩। প্রার্থীকে ভোলা জেলার দৌলতখান উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।

৪। ৩০/০৪/২০২৩ খ্রি. তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা কোটাধারীর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণক প্রয়োজনীয় সনদ, গেজেট ও অন্যান্য তথ্যাদি সম্মলিত কাগজাদি দাখিল করতে হবে।

৫। মুক্তিযোদ্ধা কোটাধারীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণক প্রয়োজনীয় সনদ, গেজেট ও অন্যান্য তথ্যাদি সম্বলিত কাগজপত্রাদি দাখিল করতে হবে।

৬। যে কোন তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা বরাবর ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৭। প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষার ডাক্তারি সনদ এবং পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন প্রাপ্তিসাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।

৮। আবেদনপত্রে (সংযুক্ত নমুনা মোতাবেক) প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম, জন্ম তারিখসহ বয়স (জন্ম সনদ দাখিল করতে হবে), ঠিকানা (স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, পাসপোর্ট নম্বর (যদি থাকে), শারীরিক যোগ্যতার পরিমাপ, প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত

ফটোকপি এবং সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, সকল সংযুক্তি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৯। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।

১০। দফাদার/মহল্লাদার-এর শূন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার-এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১১। সরকারের জরীকৃত কোটা সম্পর্কিত নির্দেশনাবলী অনুসরণ করা হবে।

১২। দফাদার পদে নিয়োগের ক্ষেত্রে পদোন্নতির মাধ্যমে যোগ্য প্রার্থী না পাওয়া সাপেক্ষে সরাসরি নিয়োগ প্রক্রিয়ায় বাছাই করা হবে।

১৩। আবেদনে চাহিত সকল তথ্য দিতে হবে, অন্যথায় আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**বিঃ দ্রঃ নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনে বাতিল বা পরিবর্তন করতে পারবেন।**

২৯/০৩/২৩

(পাঠান মোঃ সাইদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ কমিটি
দৌলতখান, ভোলা।

স্মারক নং-০৫.১০.০৯২৯.০০০.৩৪.০০৯.২৩.২১১(২০)

তারিখ: ১৫ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৩খ্রিস্টাব্দ

<u>সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো</u> ঃ

১। জেলা প্রশাসক, ভোলা।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
৪। অফিসার ইনচার্জ, দৌলতখান থানা, দৌলতখান, ভোলা।
৫। উপজেলা .................................................................অফিসার, দৌলতখান, ভোলা।
৬। চেয়ারম্যান.......................................................ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা।
**(ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট বাজারের গুরুত্বপূর্ণ স্থানে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করার অনুরোধসহ)**
৭। সম্পদক ................................................................ পত্রিকা, দৌলতখান, ভোলা।
৮। নোটিশ বোর্ড
৯। অফিস কপি।

২৯/০৩/২৩

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ কমিটি
দৌলতখান, ভোলা।

| ০৩ কপি ছবি দিতে হবে |
|---|

# আবেদন ফরম

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার,
দৌলতখান, ভোলা।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | |
| ২. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | | | | | |
| ৩. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | |
| ৪. | জন্ম তারিখ: | | | ৬. জন্মস্থান (জেলা): | | | |
| ৫. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | বছর | মাস | দিন | | |
| ৬. | পিতার নাম: | | | | | | |
| ৭. | মাতার নাম: | | | | | | |
| ০৮. | ঠিকানা: | বর্তমান | | স্থায়ী | | | |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | | | | | |
| | ডাকঘর: | | | | | | |
| | পোষ্ট কোড নম্বর: | | | | | | |
| | উপজেলা: | | | | | | |
| | জেলা: | | | | | | |
| ০৯. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): | | | |
| ১০. | জাতীয়তা: | | ১১. | জেন্ডার: | | | |
| ১২. | ধর্ম: | | ১৩. | পেশা: | | | |
| ১৪. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| ১৫. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | | | |
| ১৬. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | | | | |
| ১৭ | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী | | | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): | | | |
| ১৮. | ব্যাংক ড্রাফট নম্বর: | | তারিখ | | | | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | | |
| ১৯. | প্রার্থী গ্রাম-পুলিশদের সন্তান কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমণের জন্য সকল মল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর